৩১ আগস্ট, ২০২৫

# চবি শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষে রণক্ষেত্র, আহত অর্ধশতাধিক



সংগৃহীত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের মধ্যে ভয়াবহ সংঘর্ষের ঘটনা ঘটেছে। শনিবার গভীর রাত পর্যন্ত চলা এ সংঘর্ষে শিক্ষক-শিক্ষার্থীসহ অর্ধশতাধিক আহত হয়েছেন। সেনাবাহিনী হস্তক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলাকায় শনিবার (৩০ আগস্ট) রাত থেকে গভীর রাত পর্যন্ত উত্তেজনা ছড়িয়ে পড়ে। শিক্ষার্থী ও স্থানীয়দের মধ্যে সংঘর্ষে রূপ নেয় পরিস্থিতি, এতে আহত হন অর্ধশতাধিক, যাদের মধ্যে শিক্ষক-শিক্ষার্থীও রয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেট সংলগ্ন একটি বাসায় দর্শন বিভাগের এক নারী শিক্ষার্থী ভাড়া থাকতেন। রাত সাড়ে এগারটার দিকে বাসায় প্রবেশ করা নিয়ে দারোয়ানের সঙ্গে তার বাকবিতণ্ডা হলে ঘটনাটি দ্রুত উত্তেজনায় রূপ নেয়।

এর পরপরই স্থানীয়দের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সংঘর্ষ শুরু হয়। ধাওয়া-পাল্টাধাওয়া, ইটপাটকেল নিক্ষেপ ও দেশীয় অস্ত্রের ব্যবহার ঘটায় পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে।

রাত তিনটার দিকে সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও আশপাশে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

LENS ASIA